



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. General Part-II Examination, 2022

বাংলা

দ্বিতীয় পত্র

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ১০০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাটি প্রশ্নমানের নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। পূর্বরাগের সংজ্ঞা ও স্বরূপ উল্লেখ করে তোমার পাঠ্যপদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিচার করো। ৫+১০ = ১৫

অথবা

‘কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান।

১+৪+১০ = ১৫

অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন॥’

— এই অংশটি বৈষ্ণব পদাবলীর কোন্ রস পর্যায়ের অন্তর্ভুক্ত? উক্ত রস পর্যায়ের সংজ্ঞা ও বৈশিষ্ট্য নিরূপণ করে একজন শ্রেষ্ঠ কবির শ্রেষ্ঠত্বের কারণ বিশ্লেষণ করো।

২। ‘ভূ-তলে অতুল সভা স্ফটিকে গঠিত’ - এখানে কোন্ রাজসভার কথা বলা হয়েছে? তাঁর ঐশ্বর্য ও সৌন্দর্য বর্ণনা প্রসঙ্গে কবির শিল্প নৈপুণ্য বিচার করো। ১+৮+৬

অথবা

‘মেঘনাদবধ’ কাব্যের প্রথম সর্গের পরিকল্পনায় মধুসূদন দত্তের কবিকৃতির মূল্যায়ন করো। ১৫

৩। “বেতন পঁচিশ টাকা
সদাগরি আপিসের কনিষ্ঠ কেরানি।”

উক্তিটি কার সম্পর্কে করা হয়েছে? কোন্ কবিতার অংশ এটি? আলোচ্য কবিতায় কেরানির জীবন চিত্র কতখানি সার্থকভাবে চিত্রিত হয়েছে দেখাও।

অথবা

‘প্রথম পূজা’ কবিতায় অস্পৃশ্যতা ও অমানবিকতার বিরুদ্ধে কবির প্রচ্ছন্ন প্রতিবাদ কীভাবে অভিব্যক্ত হয়েছে, তা বুঝিয়ে দাও। ১৫

৪। ‘বাংলার ঘরে ঘরে গুপ্তচর এ জিজ্ঞাসা;
এত সবুজ বাসা! ভিটে ভাঙার পালা এল কি এবার?’

— উদ্ধৃত অংশটি কোন্ কবির লেখা। এই উদ্ধৃতির আলোকে কবিতাটির মর্মার্থ বিশ্লেষণ করো। ১+১৪ = ১৫

অথবা

‘কেউ কথা রাখেনি’ কবিতার নৈরাশ্যবোধ কবিজীবনের অভিজ্ঞতাসঞ্জাত — কবিতাটি অনুসরণে মন্তব্যটির বিচার করো। ১৫

৫। নীচে উদ্ধৃত অংশগুলির নাম ও প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

৫×৪ = ২০

(ক) নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে
পুলক-মুকুল অবলম্ব।

অথবা

মন্দির বাহির কঠিন কপাট।
চলহিতে শঙ্কিল পঙ্কিল বাট।

(খ) কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে,
প্রচেতঃ! হা ধিক্ ওহে জলদলপতি!

অথবা

নিশার স্বপনসম তোর এ বারতা রে দূত!

(গ) এ গান যেখানে সত্য
অনন্ত গোখুলি লগ্নে।
সেইখানে
বহি চলে ধলেশ্বরী।

অথবা

দেবতার পায়ে এই প্রথম পূজা,
এই শেষ প্রণাম।

(ঘ) আমার ভারতবর্ষ চেনে না তাদের
মানে না তাদের পরোয়ানা;
তার সন্তানেরা ক্ষুধার জ্বালায়,
শীতে চারিদিকের প্রচণ্ড মারের মধ্যে
আজও ঈশ্বরের শিশু, পরম্পরের সহোদর।

অথবা

গুরুমশাই,
অন্ধকারে কে দেখাবে মানচিত্রখানা ?

৬। উদাহরণসহ দলবৃত্ত (স্বরবৃত্ত) ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করো।

১২

অথবা

উদাহরণসহ যে-কোনো তিনটি বিষয়ে আলোচনা করো:
অতিপর্ব, কলা, দল, চরণ, মাত্রা।

৪×৩ = ১২

৭। নিম্নলিখিত যে-কোনো দুটি উদ্ধৃতির ছন্দোলিপি নির্ণয় করো:

৪×২ = ৮

(ক) আজ মোরা খুঁজি পবিত্র বেদী মঙ্গল কল্যাণে
সারা বিভাবরী ভরে ওঠে তারি বৈতালিকের গানে।

- (খ) বিরল তোমার ভবনখানি পুষ্পকানন মাঝে
হে কল্যাণী নিত্য আছ আপন গৃহকাজে।
- (গ) কোথাও মানুষ ভালো রয়ে গেছে বলে
আজও তার নিঃশ্বাসের বাতাস নির্মল;
- (ঘ) কন্টক গাড়ি কমলসম পদতল
মঞ্জির চীরহি ঝাঁপি।
গাগরি-বারি চারি করি পীছল
চলতহি অঙ্গুলি চাপি॥
- (ঙ) কেশে আমার পাক ধরেছে বটে,
তাহার পরে নজর এত কেন ?
পাড়ার যত ছেলে এবং বুড়ো
সবার আমি এক বয়সী জেনো।

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—